# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
## বাংলাদেশ ব্যাংক
## প্রধান কার্যালয়
## ঢাকা।
## www.bb.org.bd

সার্কুলার পত্র নং-১৬

তারিখঃ চৈত্র ২৬, ১৪৩১ / এপ্রিল ০৯, ২০২৫

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**<u>নিবন্ধিত শিশু হজযাত্রীদের হজে না গমন প্রসঙ্গে।</u>**

শিরোনামে বর্ণিত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-১ শাখার মার্চ ২০, ২০২৫ তারিখের স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯ (অংশ)-৩৫৩ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০২। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি সম্পর্কে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক।

(মোঃ হারুন-অর-রশিদ)
পরিচালক (এফইপিডি)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.১৮.০০৬.১৯ (অংশ)-৩৫৩ তারিখ: ০৬ চৈত্র ১৪৩১ / ২০ মার্চ ২০২৫

**বিষয়: নিবন্ধিত শিশু হজযাত্রীদের হজে না গমন প্রসঙ্গে।**

সূত্র: (১) বাংলাদেশ হজ অফিস, জেদ্দার স্মারক নম্বর: ১৬.০৪.০০০০.০০০.২৯.০০১.২০২৩-১০৪, তারিখ: ১১/০৩/২০২৫।
(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ডি.ও. নম্বর: ১৬.০০.০০০০.০৩৩.১৮.০০৪.২৪-৬৩৩, তারিখ: ১৭/০৩/২০২৫।

উপর্যুক্ত বিষয়ে সম্মানিত হজযাত্রী, হজ এজেন্সি, হজ কার্যক্রমে সম্পৃক্ত ব্যাংকসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় ২০২৫ সনে ১৫ বছর বয়স পর্যন্ত শিশু হজযাত্রীদের সুস্থতা ও নিরাপত্তার বিষয় বিবেচনায় হজে গমনে বিরত রাখার সিদ্ধান্ত প্রদান করে। এ পরিপ্রেক্ষিতে ২০২৫ সনের হজে যেহেতু শিশু হজযাত্রীর নিবন্ধন সম্পন্ন হয়ে গিয়েছে সেজন্য এ বছর শিশু হজযাত্রীদের হজে গমনের অনুমতি প্রদানের জন্য ড. আ.ফ.ম. খালিদ হোসেন, মাননীয় উপদেষ্টা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী ড. তাওফিক বিন ফাওজান আল রাবিয়াহ এর নিকট ১৭/০৩/২০২৫ তারিখে সূত্রোক্ত ২ নং স্মারকে একটি ডিও পত্র প্রেরণ করেন। সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী উক্ত ডিও পত্র পেয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা বরাবরে একটি Text Message পাঠিয়েছেন। তাতে তিনি শিশুদের নিরাপত্তার বিষয়টি উল্লেখ করে ২০২৫ সনের হজে ১৫ বছর বয়স পর্যন্ত শিশুগণ হজে গমন বিরত রাখার বিষয়টি পুনর্ব্যক্ত করেন। উল্লেখ্য, নিবন্ধিত শিশু হজযাত্রীদের ১৫ বছর বয়স নির্ধারণের বিষয়টি হজযাত্রীর পাসপোর্ট এর জন্ম তারিখ থেকে ধরা হবে।

০২। বর্ণিতাবস্থায়, নিবন্ধিত শিশু হজযাত্রী ও তাদের সফরসঙ্গী পিতা-মাতা/অভিভাবক কেউ হজে যেতে অপারগ হলে তার পরিবর্তে সমসংখ্যক হজযাত্রী প্রতিস্থাপন করা যাবে। প্রতিস্থাপনের জন্য কোন হজযাত্রী পাওয়া না গেলে সেক্ষেত্রে শিশু হজযাত্রী ও প্রযোজ্য ক্ষেত্রে তার পিতা-মাতা/অভিভাবকের নিবন্ধন বাবদ গৃহিত সম্পূর্ণ অর্থ ফেরত প্রদানের জন্য বেসরকারি হজ এজেন্সি স্বত্বাধিকারীদেরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০.৩.২৫


মামুন আল ফারুক
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
email: morahajsection@gmail.com


স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক,

........................ ২০২৫ সনের হজ কার্যক্রম পরিচালনাকারী সকল এজেন্সি।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৬. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা।
৭. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৮. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৯. ব্যবস্থাপনা পরিচালক/ভাইস প্রেসিডেন্ট, ................. প্রধান কার্যালয়, ঢাকা (হজ কার্যক্রমে সংশ্লিষ্ট সকল ব্যাংক)।
১০. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
১১. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
১৩. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, ৩০/এ নয়াপল্টন, ঢাকা।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা (পত্রটি www.hajj.gov.bd প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।